মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে শ্যামপুর ইউনিয়নে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকেল ৩ টার দিকে কুতুবপুর ইউনিয়নের তেরোঘরিয়া গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শোলমারি ও রুদ্রনগর গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদকে ফুলের শুভেচ্ছা দেন।
এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, ওমর ফারুক লিটন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আইবিডব্লিউএফ’র মত বিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) গাংনী উপজেলা শাখা আয়োজিত মত বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে মেহেরপুরের গাংনী বাজার সিঙ্গার শো রুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আইবিডব্লিউফ এর সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ এর মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আইবিডব্লিউএফ এর সভাপতি খালিদ মোঃ সাইফুল ইসলাম, জেলা সেক্রেটারি মোঃ সাজ্জাদুল ইসলাম পলাশ।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা আমীর ও আইবিডব্লিউএফ উপদেষ্টা ডাঃ মোঃ রবিউল ইসলাম, আইবিডব্লিউএফ এর সাবেক জেলা সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, ইসলামী ব্যাংক গাংনী শাখার ম্যানেজার অপারেশন মোঃ হাসিবুল ইসলাম, গাংনী পৌর আইবিডব্লিউএফ সভাপতি মনিরুল ইসলাম, গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হক, বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি মোঃ জিল্লুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান বলেন সততার মাধ্যমে আমাদের সকলকে ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে হবে এবং সকল পন্য বিক্রয়ের ক্ষেত্রে সঠিক ভাল পন্য উল্লেখ করতে হবে। আল্লাহ তাআলা রিজিকের ৯০ ভাগ ব্যবসার মাধ্যমে আসে তাই আমাদের সৎ সকল ব্যবসায়ীকে সৎ ও নির্ভীক হতে হবে। রাসুল বলেছেন ব্যবসিক রা নবী- রাসূল ও শহীদদের সাথে জান্নাতে থাকবেন সেজন্য আমাদেরকে সততার সাথে ব্যবসা করতে হবে।

ব্যক্তির চেয়ে দল বড় দলের চেয়ে দেশ- আমিরুল ইসলাম

বিএনপির নেতাকর্মীকে সুসংগঠিত করে ধানের শীষকে বিজয়ী করার জন্য আমাদের দায়িত্ব দেওয়া হয়েছে। আপনি দল গোছাবেন না, ধানের শীষ কি এমনি এমনি হবে। আওয়ামীলীগ ওত পেতে বসে আছে আর জামায়াত দোয়া মন্ত্র যা দরকার বিএনপির মধ্যে ঢোকাচ্ছে সবাধান হতে হবে। আগে দল গোছাতে হবে। পাঁচ তারিখের বিএনপি আর পাঁচ তারিখের আগের বিএনপি

আলাদা। পাঁচ তারিখের আগের বিএনপির কিছুটা স্থিতিশীল ছিল। আপনি চাঁদাবাজি অন্যায় অত্যাচার করলে কিছুটা মাপ পেতেন।

পাঁচ তারিখের পরে রক্তক্ষরণের মধ্যে দিয়ে এদেশ স্বাধীন হয়েছে আপনি ছাত্র-জনতার রক্তক্ষরণের এদেশ ব্যবহার করবেন, চাঁদাবাজি করবেন, লুটপাট করবেন, ড্রোন ক্যামেরায় ধরা পড়েছেন। যাচাই-বাছাই করা হয়েছে, আমরা পাঁচ তারিখের পরে পরীক্ষায় পাশ করেছি। সেই কারণে আজকে আমাদের দল গোছানোর দায়িত্ব দিয়েছে।

গতকাল শুক্রবার বিকালে মুজিবনগর রেস্ট হাউসে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে, মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটির নেতৃত্বে দারিয়াপুর ইউনিয়ন বিএনপি কে আরো গতিশীল ও শক্তিশালী করার লক্ষে কর্মী সভায় এসব কথা বলেন, অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা বিএনপির ১ নং যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

নবগঠিত আহবায়ক কমিটির কর্মী সভায় মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির শহিদুল ইসলাম বিশ্বাস, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির (ভারপ্রাপ্ত সভাপতি) শামসুজ্জোহা।

বক্তব্য রাখেন, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারন সম্পাদক নাহিদ, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দীন, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির অন্যতম নেতা সাদী মাষ্টার, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির অন্যতম নেতা হাফিজুল ইসলাম মাস্টার, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক রায়হানুল কবির, কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি আব্দুর সবুর, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম। এ সময় দারিয়াপুর ইউনিয়ন বিএনপির বিপুল সংখ্যাক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটি।

আজ শুক্রবার (২০ ডিসেম্বর) সকাল সাড়ে নয়টার দিকে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

কর্মসূচির অংশ হিসেবে শহরের গুরুত্বপূর্ণ স্থান বড় বাজারে পথসভা ও লিফলেট বিতরণ করেন তারা।

এসময় জাভেদ মাসুদ মিল্টন বলেন, তারেক রহমানের উপস্থাপিত এই ৩১ দফা দেশকে গণতন্ত্রের পথে ফিরিয়ে নিতে এবং একটি সমৃদ্ধ ভবিষ্যৎ নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমরা এই দফাগুলো সাধারণ মানুষের সামনে তুলে ধরছি, যাতে তারা দেশের কল্যাণে এগিয়ে আসেন।

এছাড়াও এসময় জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, ওমর ফারুক লিটন, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গ্রেফতার

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইনকে (৬০) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ শুক্রবার (২০ ডিসেম্বর) সকাল ৭ টার দিকে মুজিবনগর থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

রফা গাইন মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের আমির গাইনে ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, রফা গাইনের নামে দুটি চাঁদাবাজিসহ একাধিক মামলা রয়েছে। গতকাল শুক্রবার সকালের দিকে গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করা হয়। পরে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে একদিনে তিন গুণী শিক্ষকের মৃত্যু

মেহেরপুর সদর ও গাংনী উপজেলার একদিনে তিন গুণী শিক্ষকের বার্ধক্যজনিত কারণে মৃত্যু হয়েছে(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

তাঁরা হলেন, মেহেরপুর সরকারি কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক ও সদর উপজেলার আমঝুপি গ্রামের দক্ষিণপাড়ার কৃতি সন্তান ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মাসুদুল হাসান, মেহেরপুর শহরের পাঁচ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ও উত্তরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান

শিক্ষক মোহাম্মদ আলাউদ্দিন মাস্টার এবং গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের বাসিন্দা প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম (মলা মাষ্টার)।

পরিবারের বরাত দিয়ে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর জানান, মেহেরপুর সরকারি কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক মরহুম মাসুদুল হাসান ঢাকার একটি বেসরকারি হাসপালে বৃহস্পতিবার দিবাগত রাত ৯ টার সময় চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তিনি দীর্ঘদিন যাবৎ বার্ধক্যজনিত কারণে বিভিন্ন রোগে ভুগছিলেন।

আজ শুক্রবার বেলা ২ টা ১০ মিনিটের সময় সদর উপজেলার আমঝুপি ফাজিল মাদ্রাসা প্রাঙ্গণে তার নামাজে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

মোহাম্মদ আলাউদ্দিন মাস্টারের ছেলে আব্দুস সালাম জানান, তার বাবা দীর্ঘদিন যাবৎ বিভিন্ন রোগে ভুগছিলেন। বাড়িতেই তার চিকিৎসা চলছিলো। বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে মারা যান তিনি।

আজ শুক্রবার (২০ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টার সময় মেহেরপুর শহরের শেখপাড়া ঈদগা ময়দানে জানাযা শেষে কবরস্থানে দাফন অনুষ্ঠিত হবে।

আলাউদ্দিন মাস্টারের স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, আত্মীয় স্বজন, সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছেন।

হাড়াভাঙ্গা সিনিয়র ডিএস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক জানান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম (মলা মাষ্টার) দীর্ঘদিন যাবৎ শাস কষ্টসহ নানা জটিল রোগে ভুগছিলেন।

বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ৯ সময় নিজ বাড়িতে ইন্তেকাল করেন। তাঁর স্ত্রী, ৫ ছেলে ও দুই মেয়ে, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।

আজ শুক্রবার বেলা দুইটার সময় সাহবেনগর গ্রামে নামাজে জানাযা শেষে কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুর সরকারি কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক মাসুদুল হাসান আর নেই

মেহেরপুর সরকারি কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক মাসুদুল হাসান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার রাত ৯টার দিকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়ার মৃত ফজলুর রহমানের ছেলে। তিনি সেখানেই বসবাস করতেন। তিনি স্ত্রী, তিন ছেলে, এক মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

তিনি কয়েক বছর আগে মেহেরপুর সরকারি কলেজ থেকে অবসর গ্রহণ করেন। তিনি খুলনা বেতারের তালিকাভুক্ত সঙ্গীত শিল্পিও ছিলেন।

মেহেরপুরে নৈশ প্রহরীকে বেঁধে কাপড়ের দোকানে ডাকাতি

মেহেরপুর শহরে নৈশ প্রহরীকে চোখ ও হাত পা বেধে ফেলে রেখে ট্রাক ভিড়িয়ে দোকান থেকে প্রায় ১২ লক্ষাধিক টাকার মালামাল নিয়ে গেছে সংঘবদ্ধ ডাকাত দল।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) ভোরের দিকে মেহেরপুর শহরের তাহের ক্লিনিক মোড়ে “সোহানা বস্ত্রালয়” নামক একটি কাপড়ের দোকানে এই ডাকাতির ঘটনা ঘটে।

সোহানা বস্ত্রালয়ের স্বত্বাধিকারী স্বপন ইসলাম জানান, রাত

আড়াইটার দিকে দোকান আমি দোকান বন্ধ করে বাড়িতে যাই। ভোররাতে একজন নারী মোবাইল ফোনে জানান এই ডাকাতির ঘটনা। সাথে সাথে আমি দোকানে এসে দেখি দোকানের তালা ভেঙে সব মালামাল লুট করে নিয়ে গেছে ডাকাতদল।

তিনি জানান, স্থানীয় এক নারী ভোরের দিকে দোকান থেকে একটি ট্রাকে মালামাল তুলতে দেখেন। এসময় তিনি পুলিশকেও খবর দেন।

স্বপন ইসলাম আরো জানান দোকান থেকে শীতের নতুন কম্বল, থ্রি পিস, শাড়িসহ ১২ লাখ টাকার মালামাল ডাকাতি করে নিয়ে গেছে।

বাজারের নৈশ প্রহরী শহিদুল ইসলাম গগন জানান, রাত ৪টার দিকে চারজন ব্যক্তি একটি ট্রাক নিয়ে এই সড়কে ঘুরাঘুরি করছিল। আমি তাঁদের খোঁজ খবর নিতে গেলে তারা আমাকে দেশীয় অস্ত্র বুকে ধরে চোখ-মুখ বেঁধে এক জায়গায় ফেলে রাখে। পরে কী হয়েছে তা কিছুই দেখেনি।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম জানান, ভোররাতের দিকে খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করি।
তিনি বলেন, ডাকাত দল অভিনব কায়দায় এ চুরির ঘটনা ঘটিয়েছে। চুরির সময় সিসি ক্যামেরা ও হার্ডডিস্কও নিয়ে গেছে। তবে সাইবার ক্রাইম টিম-সহ পুলিশের বেশ কয়েকটি দল কাজ করছে। দ্রুত এ সংঘবদ্ধ চোরের দলকে চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে।

গাংনীতে যাত্রীবাহী বাস থেকে ৫ কেজি গাঁজাসহ আটক ১

গাংনীর বামন্দী নামক স্থানে যাত্রীবাহী একটি বাস তল্লাশি করে ৫ কেজি গাঁজাসহ মহিদুল ইসলাম নামের এক ব্যক্তিকে আটক করেছে র্যাব।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকালে কুষ্টিয়াগামী একটি বাসে এ অভিযান চালায় র্যাব-১২গাংনী ক্যাম্পের একটি দল।

আটক মহিদুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের বরকত আলীর ছেলে।

র্যাব-১২ গাংনী ক্যাম্প কমান্ডার এসপি এনামুল হক জানান, সীমান্তবর্তী এলাকা থেকে গাঁজা নিয়ে বাসে কুষ্টিয়ার দিকে যাওয়া হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। এসময় বাসের যাত্রী মহিদুল ইসলামকে ৫ কেজি গাঁজাসহ আটক করতে সক্ষম হয় র্যাবের অভিযান দলের সদস্যরা।

মহিদুল ইসলামের নামে মামলাসহ গাংনী থানার মাধ্যমে আদালতে সোপর্দ করা হবে বলে জানান র্যাব কমান্ডার।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামের নেতৃত্বে বুড়িপোতা ইউনিয়নে একটি বিশাল গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ বুধবার (১৮ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শালিকা, বাজেতপুর, হরিরামপুর, ঝাঁঝা, কানদেবপুর ও গোভীপুর গ্রামে গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামকে ফুলের শুভেচ্ছা দেন।

এসময় এডভোকেট কামরুল ইসলাম বলেন, হাসিনা সরকারের আমলে জনগণ শান্তিতে ঘুমাতে পারেনি। অনেক মায়ের বুক খালি করে দিয়েছে এই শাসন। আমরা মনে করি, এই অন্যায়ের সঠিক বিচার হওয়া উচিত। তারেক রহমানের নির্দেশে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি, কারণ হাসিনা সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়েছিল।

আমরা একটি শান্তিপূর্ণ ভোটের পরিবেশ চাই, যেখানে জনগণ নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে ধানের শীষে ভোট দিতে পারবে। একটি উন্নত ও

সুন্দর বাংলাদেশ গড়তে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে। জনগণের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে আমরা অটল থাকব।

এছাড়াও তিনি জনগণের মতামত শোনার পাশাপাশি তাদের সমস্যা ও প্রত্যাশা নিয়ে কথা বলেন।
এসময় মোঃ মিজানুর রহমান, মোঃ ওমর ফারুক, মোঃ লতিব বিশ্বাস, মোঃ মহিউদ্দিন, আব্দুল মান্নান, মোহাম্মদ ফরিদ বিশ্বাসসহ ইউনিয়ন বিএনপি ও ওয়ার্ড বিএনপি’র অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।